গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০১.৪৫.৯৩৭.১৬-(অংশ-২)-৭৪০৭

তারিখ: ২৪ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ **১৫ আগস্ট, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

অপর পৃষ্ঠায় বর্ণিত পত্রের সঙ্গে সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০২ (দুই) পাতা।

০৮/৮/২০২২
কবির উদ্দিন আহাম্মদ
পরিচালক (ছুটির বিকল্প)
ফোন: ৫৫০০৭০১০
ই-মেইল: kabir.ahmed@bbs.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক, (সকল) ..........................................বিবিএস, ঢাকা।
(০২) পরিচালক, কম্পিউটার উইং (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ),বিবিএস, ঢাকা।
(০৩) প্রকল্প পরিচালক, (সকল) .......................................... বিবিএস, ঢাকা।
(০৪) যুগ্মপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
(০৫) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, (সকল) ....................... বিবিএস, ঢাকা। (অধীন সকল জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয়-কে অবহিত করার অনুরোধসহ)।
(০৬) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৭) উপপরিচালক, প্রশাসন/বিনিক/সমন্বয়/প্রকাশনা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
(০৮) স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৯) স্টাফ অফিসার, উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
(১০) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৩.০১.৬৯৪.১৮- ৪৫ তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ / ০১ আগস্ট ২০২২

বিষয়: ১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালননের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

"১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস" পালনের বিষয়ে আলোচনার জন্য গত ২৮ জুলাই ২০২২ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: সভার কার্যবিবরণী।

মো: ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
☎ ৫৫০০৭৩৮৩
admin2@sid.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৬। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। সহকারী সচিব (সকল),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

বিষয়ঃ ১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার তারিখ ও সময় : ২৮ জুলাই ২০২২ তারিখ বিকাল ৪.০০ মিনিট
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (বি-ব্লক)।
আলোচ্য বিষয় : (ক) ১৫ আগস্ট ২০২২ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস" পালনের সার্বিক প্রস্তুতি।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক।

২। সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) জনাব মোঃ ফরিদ হোসেন প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

৩। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণসহ বিভাগীয় পরিসংখ্যান অফিস, জেলা পরিসংখ্যান অফিস, উপজেলা পরিসংখ্যান অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩.১ | জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালনের নিমিত্ত স্থায়ী কমিটি গঠন | প্রতি বছর জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ সুষ্ঠুভাবে পালনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | ক. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. এ কমিটি 'জাতীয় পরিসংখ্যান দিবস' ব্যতীত অন্যান্য দিবস পালনের জন্য যথাযথভাবে কাজ করবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| ৩.২ | জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ | জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩.৩ | জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ৯.৩০ মিনিটে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে পুষ্পস্তবক অর্পণ করবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| ৩.৪ | জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন | ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনের অডিটরিয়ামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী এবং বর্ণাঢ্য রাজনৈতিক ও কর্মময় জীবন ও আদর্শের উপর আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক. ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনের অডিটরিয়ামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী এবং বর্ণাঢ্য রাজনৈতিক ও কর্মময় জীবন ও আদর্শের উপর আলোচনা সভার আয়োজন করতে হবে।<br>খ. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী এবং বর্ণাঢ্য রাজনৈতিক ও কর্মময় জীবন ও আদর্শের উপর বিশদ জ্ঞান রয়েছে এমন একজনকে আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে আমন্ত্রণ জানাতে হবে। গ. আলোচনা সভা শেষে দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| ৩.৫ | মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শোক দিবস পালন | পরিকল্পনা মন্ত্রণালয়াধীন সকল বিভাগসমূহ জাতীয় শোক দিবস পালনের ক্ষেত্রে সমন্বিত কর্মসূচি প্রণয়ন করলে উক্ত সমন্বিত কর্মসূচি পালন বিষয়ে আলোচনা হয়। | পরিকল্পনা মন্ত্রণালয়াধীন সকল বিভাগসমূহ জাতীয় শোক দিবস পালনের ক্ষেত্রে সমন্বিত কর্মসূচি গ্রহণ করলে উক্ত সমন্বিত কর্মসূচির আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে দিবসটির কর্মসূচিতে অংশগ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মসূচি ৩.৬ এর সিদ্ধান্তের আলোকে অনুষ্ঠিত হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| ৩.৬ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের অফিসসমূহে জাতীয় শোক দিবস পালন | জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের অফিসসমূহ (বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিস) স্থানীয় প্রশাসনের গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের অফিসসমূহ (বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিস) স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি প্রণয়নপূর্বক ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস পালন করবে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |

পূর্ব পৃষ্ঠার পর

৪। ২৭ জুন ২০২২ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসারে আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মসূচির সাফল্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১.০৮.০২২

ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৬৯৪.১৮- ৫০

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯
৩১ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৬। পরিচালক (সকল) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

মোঃ ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
☎-৫৫০০৭৩৮৩